সাতক্ষীরায় ডেঙ্গুতে গৃহবধূর মৃত্যু

ডেঙ্গু আক্রান্ত হয়ে সাতক্ষীরায় শাহানারা খাতুন (৩৭) নামে এক গৃহবধূর মৃত্যু হয়েছে। তিনি সাতক্ষীরা সদর উপজেলার ছয়ঘরিয়া গ্রামের খলিলুর রহমানের স্ত্রী।

তার স্বজনরা জানান, বৃহস্পতিবার রাত ১টার দিকে সাতক্ষীরা থেকে খুলনায় নেয়ার পথে ডুমুরিয়ায় মারা যান তিনি।

জানতে চাইলে সাতক্ষীরা সদর হাসপাতালের মেডিসিন বিভাগের ডা. আসাদুজ্জামান জানান, শাহানারা খাতুন জ্বর নিয়ে গত ১৮ আগস্ট হাসপাতালে ভর্তি হন। বৃহস্পতিবার রাতে তার অবস্থার অবনতি হলে তাকে পাঠানো হয় খুলনায়। পথে মারা যান তিনি।

এর আগে বৃহস্পতিবার কালীগঞ্জের মাদ্রাসাছাত্র আলমগীর হোসেন গাজী
(১৪) নামে এক কিশোর ডেঙ্গু আক্রান্ত হয়ে মারা যায়।

সাতক্ষীরার সিভিল সার্জন ডা. শেখ আবু শাহিন জানান, জেলায় ৩০৮ ডেঙ্গু রোগী শনাক্ত হয়েছে। এর মধ্যে ২১৭ জন চিকিৎসা নিয়ে বাড়ি ফিরে গেছেন। এ ছাড়া ৩৫ জনকে উন্নত চিকিৎসার জন্য ঢাকাসহ অন্যত্র পাঠানো হয়েছে। বর্তমানে ভর্তি আছেন ৫৬ জন।